# মঞ্জুরি নং-০৫

# ১০৭ - জনপ্রশাসন মন্ত্রণালয়

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| পরিচালন ব্যয় | ৪৩৮০,৬৩,০০ | ৪৬৩৮,১৭,০০ | ৪৯১৬,৪৬,০০ |
| উন্নয়ন ব্যয় | ৬৩৮,৩৭,০০ | ৬৭৬,৬৭,০০ | ৭১৭,২৭,০০ |
| **মোট** | **৫০১৯,০০,০০** | **৫৩১৪,৮৪,০০** | **৫৬৩৩,৭৩,০০** |
| | | | |
| আবর্তক | ৩৭১৬,৩০,৯৩ | ৪০১৭,২০,৫৭ | ৪২১৩,১৪,১৭ |
| মূলধন | ১১৮২,৬৯,০৭ | ১১৭৭,৬৩,৪৩ | ১৩০০,৫৮,৮৩ |
| আর্থিক সম্পদ | ১২০,০০,০০ | ১২০,০০,০০ | ১২০,০০,০০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **৫০১৯,০০,০০** | **৫৩১৪,৮৪,০০** | **৫৬৩৩,৭৩,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

## ১.১ মিশন স্টেটমেন্ট

প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে একটি দক্ষ, সেবামুখী, কল্যাণধর্মী ও দায়বদ্ধ জনপ্রশাসন গড়ে তোলা।

## ১.২ প্রধান কার্যাবলি

১.২.১. ক্যাডার সার্ভিস গঠন ও ক্যাডার সার্ভিসের পদে প্রথম নিয়োগ;

১.২.২. বিভিন্ন সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানের পদ সৃজন ও সাংগঠনিক কাঠামো প্রণয়ন/সংশোধন;

১.২.৩. চাকরির বিধান ও শর্তাবলি সংক্রান্ত বিধি/নীতি প্রণয়ন ও সংশোধন;

১.২.৪. জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কর্মচারীদের সচিবালয় ও মাঠপ্রশাসনে নিয়োগ, বদলি/পদোন্নতি এবং শৃঙ্খলামূলক কার্যক্রম গ্রহণ;

১.২.৫. সরকারি কর্মচারীদের পেশাগত উন্নয়নের জন্য প্রশিক্ষণ নীতিমালা ও কর্মপরিকল্পনা প্রণয়ন এবং দেশে ও বিদেশে প্রশিক্ষণ প্রদান;

১.২.৬. জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কর্মচারীদের প্রেষণে নিয়োগ ও উদ্বৃত্ত গণকর্মচারীদের আত্তীকরণ;

১.২.৭. সরকারি কর্মচারীদের কল্যাণ সাধন এবং যৌথবীমা ও কল্যাণ তহবিল ব্যবস্থাপনা;

১.২.৮. বিভিন্ন সরকারি দলিল, প্রশ্নপত্র, সরকারি চেক ইত্যাদি মুদ্রণ এবং বিভিন্ন স্টেশনারি দ্রব্যাদি সংগ্রহ ও সরবরাহ।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য এবং কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. জনপ্রশাসনের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | • জনপ্রশাসনের বিভিন্ন পর্যায়ে উপযুক্ত কর্মচারী নিয়োগ, বদলি ও পদোন্নতি; | • সচিবালয় |
| | • চাকরির বিধান ও শর্তাবলি সংক্রান্ত বিধি/নীতি প্রণয়ন, সংশোধন ও মতামত প্রদান; | |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | • বিভিন্ন সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানের পদ সৃজন ও সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ; | |
| | • মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের বাজেট প্রণয়ন; | |
| | • প্রাতিষ্ঠানিক ও ভৌত অবকাঠামো উন্নয়ন; | |
| | • সরকারি কর্মচারীদের দেশে ও বিদেশে উচ্চতর শিক্ষা ও সংক্ষিপ্ত কোর্স; | |
| | • মন্ত্রণালয় ও অধীন দপ্তরসমূহকে লজিস্টিকস্ ও মুদ্রণ সহায়তা প্রদান; | • মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর |
| | • ক্যাডার ও সরকারি কর্মচারীদের বুনিয়াদি, মৌলিক ও দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান; | • সচিবালয়<br>• বিপিএটিসি<br>• বিসিএস (প্রশাসন) একাডেমি<br>• বিয়াম<br>• এনএপিডি<br>• নাডা<br>• বিআইজিএম |
| | • গভর্ন্যান্স ও প্রাসঙ্গিক বিষয়ে ওয়ার্কশপ/ সেমিনার/ কনফারেন্স আয়োজন ও অংশগ্রহণ; | |
| | • প্রশাসনিক, উন্নয়নমূলক ও বিভিন্ন বিষয়ে গবেষণা ও প্রকাশনা; | |
| ২. জনপ্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ | • নির্ধারিত সময়ে সরকারি কর্মচারীদের সম্পদ বিবরণী দাখিল; | • সচিবালয় |
| | • শৃঙ্খলা ও আপিল বিধিমালা, ২০১৮ এর যথাযথ প্রয়োগ; | |
| | • জনপ্রশাসন মন্ত্রণালয়ের ও আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ বাস্তবায়ন; | |
| | • সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS)-এ সরকারি কর্মচারীদের তথ্য অন্তর্ভুক্তকরণ; | |
| | • উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সহায়তা প্রদান, সমন্বয় সাধন ও পরিদর্শন; | • সচিবালয়<br>• মাঠ প্রশাসন |
| | • মাঠপর্যায়ে ই-সেবা কেন্দ্রের মাধ্যমে জনসাধারণকে দ্রুত সেবা প্রদান;<br>• অভিযোগ নিষ্পত্তির জন্য নিয়মিত গণশুনানির আয়োজন ও প্রয়োজনীয় ব্যবস্থা;<br>• আইন শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে মোবাইল কোর্ট পরিচালনা; | • মাঠ প্রশাসন |
| ৩. সরকারি কর্মচারীদের কল্যাণমূলক কার্যক্রম জোরদারকরণ | • সরকারি কর্মচারী ও তাদের পরিবারের সদস্যদের চিকিৎসা সেবা প্রদান; | • সরকারি কর্মচারী হাসপাতাল |
| | • অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীদের চিকিৎসা সেবা এবং আর্থিক সহায়তা প্রদান; | • অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতি |
| | • কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারীর পরিবার ও স্থায়ীভাবে অক্ষমতাজনিত কারণে কর্মচারীকে অনুদান প্রদান; | • সচিবালয়<br>• মাঠ প্রশাসন<br>• বাংলাদেশ সরকারি কর্মচারী |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | কল্যাণ বোর্ড |
| | • ১৩-২০ গ্রেডের কর্মরত সরকারি কর্মচারীদের ছেলেমেয়েদের জন্য শিক্ষাবৃত্তি প্রদান এবং পরিবারের সদস্যদের কারিগরি প্রশিক্ষণ প্রদান; | • বাংলাদেশ সরকারি কর্মচারী কল্যাণ বোর্ড |
| | • কর্মরত কর্মচারীর জটিল ও ব্যয়বহুল চিকিৎসা অনুদান; | |
| | • আবাসিক এলাকায় সরকারি কর্মচারী দ্বারা পরিচালিত ক্লাব/কমিউনিটি সেন্টার পরিচালনার জন্য বার্ষিক অনুদান প্রদান; | |
| | • পরিবহন সুবিধা | • সচিবালয়<br>• বাংলাদেশ সরকারি কর্মচারী কল্যাণ বোর্ড |
| | • নতুন যানবাহন ক্রয়, সার্ভিসিং ও মেরামত এবং চালকসহ গাড়ি সরবরাহ; | • সরকারি যানবাহন অধিদপ্তর |
| | • কর্মচারীদের ভবিষ্য তহবিল অগ্রিমের আবেদন ও পেনশনের আবেদন দ্রুত নিষ্পত্তিকরণ; | • সচিবালয় |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

## ৩.১. দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের ওপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

### ৩.১.১ জনপ্রশাসনের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি

**দারিদ্র্য নিরসনের ওপর প্রভাব:** জনপ্রশাসন মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ, উচ্চতর শিক্ষা ও গবেষণার মাধ্যমে কর্মচারীদের দক্ষ সেবামূখী এবং দায়বদ্ধ জনপ্রশাসনে রুপান্তিত করা হয়। ফলশ্রুতিতে সরকারি কর্মচারীগণ সময়াবদ্ধ ও দ্রুত জনসেবা প্রদানে ভূমিকা রাখে, যা প্রত্যক্ষভাবে দারিদ্র্য নিরসন ও অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখবে।

**নারী উন্নয়নের ওপর প্রভাব:** দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ, পদোন্নতি এবং উচ্চতর পদে পদায়নের মাধ্যমে নারীর ক্ষমতায়ন নিশ্চিত করা হয়, যা নারীর উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করবে।

### ৩.১.২ জনপ্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের ওপর প্রভাব:** মন্ত্রণালয় ও মাঠ প্রশাসনে অনুষ্ঠিত সমন্বয় সভা ও সামাজিক নিরাপত্তা বেষ্টনি সংশ্লিষ্ট কমিটির সভা, পরিদর্শন প্রভৃতি কার্যক্রমের মাধ্যমে মাঠ পর্যায়ে চিহ্নিত স্থানীয় সমস্যা সমন্বয়ের মাধ্যমে সরকারি কর্মচারীগণ সমাধান করে থাকে। তাই সরকারি কর্মচারীদের কাজের স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত হলে তাঁদের কাজের গুণগতমান বৃদ্ধি পাবে এবং জনগণকে দ্রুততর ও গুণগত সেবা প্রদান নিশ্চিত হবে, যা পরোক্ষভাবে দারিদ্র্য নিরসনে ভূমিকা রাখবে।

**নারী উন্নয়নের ওপর প্রভাব:** নারী কর্মচারীদের পদোন্নতি এবং উচ্চতর পদে পদায়নের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হয়। এছাড়াও মাঠ প্রশাসনে নারী বান্ধব নীতি বাস্তবায়ন ও উঠান বৈঠক অনুষ্ঠানের মাধ্যমে নারীদের অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণে উৎসাহিত করা হয়, যা নারীর অর্থনৈতিক ক্ষমতা, সামাজিক মর্যাদা ও আইনগত সুরক্ষায় প্রত্যক্ষ ভূমিকা রাখে।

### ৩.১.৩ সরকারি কর্মচারীদের কল্যাণমূলক কার্যক্রম জোরদারকরণ

**দারিদ্র্য নিরসনের ওপর প্রভাব:** চিকিৎসা সেবা ও চিকিৎসার জন্য সরকারি কর্মচারীদেরকে প্রদত্ত আর্থিক অনুদান তাঁদের স্বাস্থ্য ঝুঁকি কমায় এবং তাঁদেরকে কর্মক্ষম রাখে। কর্মচারীদের সন্তানদের জন্য শিক্ষা বৃত্তি তাঁদের শিক্ষা এবং প্রশিক্ষিত জনশক্তিতে রূপান্তরে সহায়তা করে। কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী এবং স্থায়ীভাবে অক্ষমতা জনিত কারণে সরকারি কর্মচারীদের জন্য এককালীন অনুদানের অর্থ দারিদ্র্য নিরসনে প্রত্যক্ষভাবে অবদান রাখছে।

**নারী উন্নয়নের ওপর প্রভাব:** সরকারি চাকুরিতে নিয়োজিত নারী কর্মচারীগণ মাঠ পর্যায়ে সরকারি পলিসি/প্রোগ্রাম বাস্তবায়নে প্রত্যক্ষভাবে ভূমিকা রেখে চলেছেন। মাঠ প্রশাসনে জনপ্রশাসনের সকল পর্যায়ের নারী কর্মচারীদের ভূমিকা নারীর ক্ষমতায়ন ত্বরান্বিত করার পাশাপাশি পলিসি ও প্রোগ্রাম বাস্তবায়নের ক্ষেত্রে নারীর সমধিকার নিশ্চিত করছে।

## ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| দারিদ্র্য নিরসন | ২১৩৬,৯৭,১৬ | ২৪৫০,০৮,৬২ | ২৪৫০,০৮,৬২ |
| নারী উন্নয়ন | ১০১০,৮৭,৬১ | ১০১৫,৬০,৭৭ | ১০১৫,৬০,৭৭ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. সেবা নিশ্চিতকরণ**<br>জনপ্রশাসনের সার্বিক মানবসম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে সর্বোচ্চ জনসেবা নিশ্চিত করাই জনপ্রশাসন মন্ত্রণালয়ের মূল লক্ষ্য। জনপ্রশাসনের অংশ হিসেবে মাঠপ্রশাসন তৃণমূল পর্যায়ে জনগণকে প্রত্যক্ষ সেবা প্রদান করে থাকে। তাই জনপ্রশাসনকে একটি দক্ষ, আধুনিক ও গণমূখী প্রতিষ্ঠানে রূপান্তরের কার্যক্রম চলছে। একইসাথে বিদ্যমান বিধি, পলিসি, পদ্ধতি যুগোপযোগীকরণের লক্ষ্যে বিভিন্ন সংস্কার উদ্যোগ অব্যাহত আছে। সেবা প্রদান ও কর্মপদ্ধতি সহজিকরণ এবং কর্মচারীদের দৃষ্টিভঙ্গি পরিবর্তনের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হয়েছে। মন্ত্রণালয়ের দৈনন্দিন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য সকল অনুবিভাগের প্রধান কার্যাবলীকে সিটিজেন চার্টারের কার্যক্রম হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে। সে প্রেক্ষিতে ই-সেবাকে প্রথম অগ্রাধিকার কর্মসূচি হিসেবে গ্রহণ করা হয়েছে। | • প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি<br>• স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ |
| **২. প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধি**<br>সরকারি কর্মচারীদেরকে দক্ষ ও পেশাদার হিসেবে গড়ে তুলতে চাকরিতে নবাগত কর্মচারীদেরকে জাতীয় উন্নয়নে দক্ষ যোগ্য স্বপ্রণোদিত, উদ্যোগী হিসেবে উপযোগী করে গড়ে তোলার জন্য বিভিন্ন মেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। সময়ের পরিবর্তনে ও জনচাহিদার সাথে সঙ্গতি রেখে কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য মৌলিক প্রশিক্ষণ ছাড়াও সাম্প্রতিক বিষয়াবলি যেমন- এসডিজি, সুশাসন, জেন্ডার ইস্যু, জলবায়ু পরিবর্তন, নেগোসিয়েশন দক্ষতা, সরকারি ক্রয় ব্যবস্থাপনা, চেঞ্জ ম্যানেজমেন্ট, উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন, কম্পিউটার ও কমিউনিকেটিভ ইংলিশ প্রভৃতি বিষয়ে অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হচ্ছে। পাশাপাশি কর্মচারীদেরকে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার জন্য দেশে-বিদেশে উচ্চতর প্রশিক্ষণ/শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টি করে দেয়া হয়েছে। এ বিবেচনায় প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধিকে দ্বিতীয় অগ্রাধিকার কর্মসূচি হিসেবে গ্রহণ করা হয়েছে। | • প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি |
| **৩. প্রাতিষ্ঠানিক সংস্কার কার্যক্রম**<br>পদায়ন ও বদলি নীতিমালা প্রণয়ন, মাঠপ্রশাসনের কাঠামো সংস্কার, কর্মচারীদের কর্মজীবন পরিকল্পনা প্রণয়নসহ প্রাতিষ্ঠানিক সংস্কারের উদ্যোগ নেয়া হয়েছে। অধিকতর জবাবদিহিতা নিশ্চিত করতে কর্মসম্পাদন ভিত্তিক মূল্যায়ন ও সম্পদ বিবরণী দাখিলের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সরকারি কর্মচারীদের অধিকতর জবাবদিহিতা নিশ্চিতকরণসহ তৃণমূল পর্যায়ে দ্রুত সেবা প্রদানের জন্য সিটিজেন চার্টার বাস্তবায়ন করা হচ্ছে। তাছাড়া অভিযোগ শুনানি ও নিষ্পত্তির জন্য গণশুনানির ব্যবস্থা নেয়া হয়েছে। এসব বিবেচনায় এ কার্যক্রমকে তৃতীয় অগ্রাধিকার কর্মসূচি হিসেবে গ্রহণ করা হয়েছে। | • প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি<br>• স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৫-২৬ হতে ২০২৭-২৮)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| সচিবালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় | ১৯২৬,৮৪,০০ | ১১২৭,৮১,১৫ | ১৫১১,৪৩,০০ | ১৭৩১,২৬,০০ | ১৮১৮,৪৫,০০ |
| সরকারি কর্মচারী হাসপাতাল | ২০৮,৬০,০০ | ২৪৬,২২,০০ | ২৭০,৪৯,০০ | ১২২,৬৯,০০ | ১২৮,৮২,০০ |
| প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ | ৬০,৫৫,০০ | ৬০,১৭,৯৯ | ৮০,৬১,০০ | ৯৪,৯৫,০০ | ১০৩,৩২,০০ |
| বিভাগীয় কমিশনার এর কার্যালয়সমূহ | ১৫০,৬৫,০০ | ১২৭,২৬,০০ | ১৪৬,৬২,০০ | ১৬৯,২৭,০০ | ১৭৯,৪২,০০ |
| জেলা প্রশাসকের কার্যালয়সমূহ | ১০০৮,৫৫,০০ | ৯৯৯,৭৫,৭৭ | ১০৪৫,৯৬,০০ | ১১৩৩,২০,০০ | ১২০১,১৯,০০ |
| স্টেজিং বাংলোসমূহ | ২,০০ | ২,০০ | ০ | ০ | ০ |
| সার্কিট হাউসসমূহ | ৭৬,১৯,০০ | ৭৬,১৯,০০ | ৮০,৭৮,০০ | ৮৫,৬২,০০ | ৯০,৭৬,০০ |
| উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়সমূহ | ৮৪২,০০,০০ | ৭৬৫,১৮,৭০ | ৮৪৮,৬১,০০ | ৯৪৬,০৭,০০ | ১০০২,৮৩,০০ |
| প্রধান কার্যালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর | ১৪,০০,০০ | ১২,৪১,০০ | ১৩,০৪,০০ | ৮,৭৪,০০ | ৮,৮০,০০ |
| বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস | ১৩,০০,০০ | ১২,৭৬,০০ | ১৭,০০,০০ | ১২,৪৪,০০ | ১২,৮৩,০০ |
| বাংলাদেশ স্টেশনারি অফিস | ১১০,০০,০০ | ১১০,০০,০০ | ১১১,০৫,০০ | ১১১,৮০,০০ | ১১২,২১,০০ |
| আঞ্চলিক কার্যালয়সমূহ | ৯,২০,০০ | ৭,৮৬,৪০ | ১০,৫০,০০ | ১১,৭২,০০ | ১২,৪৭,০০ |
| সরকারি প্রিন্টিং প্রেসসমূহ | ২২৫,০০,০০ | ২২৫,০০,০০ | ২২৪,৯৩,০০ | ২৪০,৩৭,০০ | ২৪৯,৮৭,০০ |
| প্রধান কার্যালয়, সরকারি যানবাহন অধিদপ্তর | ৬,৯০,০০ | ৬,০৭,০০ | ৬,৮৩,০০ | ৬,৮৫,০০ | ৭,১৩,০০ |
| সরকারি সড়ক পরিবহণ | ৪৩৮,৪০,০০ | ২৪৪,০৯,০০ | ৩৮৪,২৩,০০ | ৩৪৩,৫৩,০০ | ৪০৩,৫৯,০০ |
| জেলা সরকারি সড়ক পরিবহণ পুলসমূহ | ১৪৩,৯০,০০ | ১২৬,৮৮,০০ | ১৩৫,৭০,০০ | ১৫০,৫৫,০০ | ১৫২,৯৫,০০ |
| উপজেলা সরকারি সড়ক পরিবহণ পুল | ৮৯,৮৭,০০ | ৭২,৬৪,০০ | ৭৬,২২,০০ | ৯০,৭৯,০০ | ৯২,৩১,০০ |
| সরকারি নৌ পরিবহণ পুল | ১৪,৭১,০০ | ১৩,৯৬,০০ | ১৬,০০,০০ | ১৪,২২,০০ | ১৪,৩৬,০০ |
| জেলা সরকারি নৌ পরিবহণ পুল | ৮,২০,০০ | ৭,৫০,০০ | ৭,৯৮,০০ | ৮,৪২,০০ | ৮,৮৯,০০ |
| উপজেলা সরকারি নৌ পরিবহণ পুল | ৭,০০,০০ | ৭,০০,০০ | ৭,০৯,০০ | ৭,৪০,০০ | ৭,৪৫,০০ |
| সরকারি যানবাহন মেরামত কারখানা | ২৩,০০,০০ | ১৭,১০,০০ | ২৩,৯৩,০০ | ২৪,৯৫,০০ | ২৬,০৮,০০ |
| **সর্বমোট :** | **৫৩৭৬,৫৮,০০** | **৪২৬৫,৯০,০১** | **৫০১৯,০০,০০** | **৫৩১৪,৮৪,০০** | **৫৬৩৩,৭৩,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ১৭০৬,৮৭,৯৮ | ১৬২৪,৫০,২৬ | ১৬৩৮,৭৬,০৪ | ১৯০৮,১৪,৪৪ | ২০১৭,৯৬,৯৭ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ২১২,০৫,৬২ | ২০১,৮৩,৫৮ | ২৫১,৭২,২২ | ২৫২,৯৮,৫০ | ২৬৪,২৯,১১ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ১৬,২৯,১২ | ১৫,৩৪,৬৯ | ৪৫,৭৯,৩১ | ১৭,৩৭,৬০ | ১৮,০৫,৩৮ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ১৫৪,৯৮,৭৫ | ১০৭,০৪,৭৫ | ১৭১,৮০,৬৫ | ১৬৬,৩৩,৪২ | ১৭২,২৬,১০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ৮৫,৪৭,১০ | ৮৫,৪৭,১০ | ৯২,০৭,৩৫ | ৯২,৩৩,১০ | ৯২,৫৯,৬১ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৪৮,৩৮,৭৪ | ৪৫,৮৩,২৪ | ৪৭,৭০,৯১ | ৫৩,৪২,৯০ | ৫৮,৫৫,৩৮ |
| ৩২৫১ | কৃষিজ সরবরাহ | ৬,০০ | ৬,০০ | ১০,০০ | ১০,০০ | ১০,০০ |
| ৩২৫২ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | ৩০,৬১,৬৩ | ৩২,৮৩,১১ | ৪০,৫২,৭৫ | ৫০,১৪,৭৫ | ৫২,৬৪,৯০ |
| ৩২৫৩ | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | ১৫৫,২৭,০১ | ১২৪,৩৭,১১ | ১৩০,৩৯,২৩ | ১৪০,৯৫,৮৪ | ১৪৬,৪৪,৩২ |
| ৩২৫৪ | খাদ্য সরবরাহ | ১,৫০ | ৫০ | ৫২ | ৫৪ | ৫৬ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ১৭১,৪৮,৩২ | ১৬৫,৩৯,৮৮ | ২০২,৪২,৪২ | ২০৩,২১,০১ | ২১১,২৩,০৩ |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৫৯,৫২,০০ | ৫১,১৬,০০ | ৩২,৩১,১০ | ৬০,৫৭,৭৭ | ৬৩,৫৫,১৭ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ৪১,৪০,৮৩ | ৩১,২৯,১৭ | ৪৬,৫৮,৬৮ | ৪৮,৬৩,৮০ | ৫০,৪০,০৭ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ১২৪,৭৬,৩৬ | ১২১,৮৭,৯৪ | ১২৬,৯৫,১৮ | ১৪৮,২৭,৩৩ | ১৫৯,৮৬,৯৫ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ৩৯৫,৪৯,৩২ | ৩৯৯,৭২,০১ | ৪৩৯,১২,০৮ | ৪৭৬,৫০,০২ | ৫০৮,৫২,৮৪ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ২২,২৫,০০ | ১৯,১৩,০০ | ১৫,৪৮,০০ | ২০,৫৩,২১ | ১৭,৩১,২৫ |
| ৩৭২১ | নগদ সামাজিক সহায়তা সুবিধাদি | ৩৪৯,৩৪,৮৬ | ৩০৫,৩১,৩৬ | ৩৫৩,৫৭,৩৮ | ৩৪৯,৬১,৬৭ | ৩৫০,৩৬,২৬ |
| ৩৭৩১ | চাকরি সম্পর্কীয় নগদ সামাজিক সুবিধাদি | ৩১,০০ | ১,০০ | ১০,০০ | ১০,০০ | ১০,০০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ৯,৭৭,৬৫ | ১০,২০,৯৩ | ১০,৪৯,৫৮ | ১১,৫০,২৪ | ১২,২৩,৭৫ |
| ৩৮২৩ | প্রকল্পের আবর্তক স্থানান্তর | ২৮,২৭,০০ | ৬,৭৭,০০ | ১৬,৫৮,০০ | ১৪,৭৬,০০ | ১৪,৩৬,৬০ |
| ৩৯১১ | সংরক্ষিত | ১১,৮৮,২৮ | ০ | ৫৩,৭৯,৫৩ | ১,৬৮,৪৩ | ২,২৫,৯২ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **৩৬২৪,৫৪,০৭** | **৩৩৪৮,১৮,৬৩** | **৩৭১৬,৩০,৯৩** | **৪০১৭,২০,৫৭** | ৪২১৩,১৪,১৭ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ২৩৯,১০,৯৫ | ১৫১,৪৭,৮৪ | ২৬৪,২৩,৮৩ | ২৬১,৯৬,০৯ | ১২৯,৩৪,৩৫ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৭১৩,০৩,৭৮ | ৪৮২,৯৩,৩৭ | ৬৩০,৪০,৪৪ | ৫৪৯,৯৮,৩৫ | ৬১৪,৬৬,৩৮ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ৫,০৮,২০ | ৪,৬৮,২০ | ১১,১১,৮০ | ৩,৬৮,০৯ | ৩,৬২,৭০ |
| ৪১৪১ | ভূমি | ১০,০৫,০০ | ৫১,৩৮,৯৭ | ৬১,১২,০০ | ৫,০০ | ৫,০০ |
| ৪২১১ | প্রকল্প মূলধন ব্যয় | ৩২৫,৭৮,০০ | ১০৭,২৩,০০ | ১৫০,১০,০০ | ২৯৭,২৫,০০ | ১৬৬,৬৩,৪০ |
| ৪৯১১ | সংরক্ষিত | ৩৩৮,৯৮,০০ | ০ | ৬৫,৭১,০০ | ৬৪,৭০,৯০ | ৩৮৬,২৭,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **১৬৩২,০৩,৯৩** | **৭৯৭,৭১,৩৮** | **১১৮২,৬৯,০৭** | **১১৭৭,৬৩,৪৩** | ১৩০০,৫৮,৮৩ |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ১২০,০০,০০ | ১২০,০০,০০ | ১২০,০০,০০ | ১২০,০০,০০ | ১২০,০০,০০ |
| | **মোট : - সম্পদ** | **১২০,০০,০০** | **১২০,০০,০০** | **১২০,০০,০০** | **১২০,০০,০০** | ১২০,০০,০০ |
| | **সর্বমোট :** | **৫৩৭৬,৫৮,০০** | **৪২৬৫,৯০,০১** | **৫০১৯,০০,০০** | **৫৩১৪,৮৪,০০** | ৫৬৩৩,৭৩,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. মৌলিক ও আবশ্যিক প্রশিক্ষণে প্রশিক্ষিত কর্মকর্তা | | | | | | | | | |
| বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্নকরণ | ১ | সংখ্যা জন | ৫৯৫ | ৬০২ | ৬০৫ | ৬০৫ | ৬০০ | ৬১৫ | ৬৩০ |
| আইন ও প্রশাসন প্রশিক্ষণ সম্পন্নকরণ | | | ২৪০ | ১৬৭ | ১৪০ | ১৪০ | ২৪০ | ২৪০ | ২৪০ |
| উন্নয়ন প্রশাসন প্রশিক্ষণ সম্পন্নকরণ | | | | | ৬০ | ৬০ | ১৫০ | ১৫০ | ১৫০ |
| ২. উপসচিব ও তদুর্ধ্ব কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধিকরণ | | | | | | | | | |
| উপসচিব পর্যায়ের কর্মকর্তাদের জন্য Advanced Course on Administration and Development (ACAD) সম্পন্নকরণ | ১ | সংখ্যা জন | ১২০ | ১৫৮ | ১২০ | ১২০ | ১০৫ | ১১০ | ১১৫ |
| যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাদের জন্য Senior Staff Course (SSC) সম্পন্নকরণ | | | ১০০ | ২৬৩ | ৯০ | ৯০ | ১২৫ | ১৩০ | ১৩৫ |

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| অতিরিক্ত সচিব পর্যায়ের কর্মকর্তাদের জন্য Public Procurement Management Course (PPMC) সম্পন্নকরণ | | | ১৫ | ১৫ | ৪০ | ৪০ | ৪৫ | ৫০ | ৫০ |
| ৩. বিশেষায়িত দক্ষতা অর্জনের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ সম্পন্নকরণ | | | | | | | | | |
| Public Procurement Management (PPM) | ১ | সংখ্যা জন | ৮০ | ৭৯ | ৮০ | ৮০ | ৮০ | ৮০ | ৮০ |
| Project Management Course (PMC) | ১ | | ২০ | ৩১ | ২০ | ৩৮ | ২০ | ২০ | ২০ |
| Sustainable Devolopment and Project Management (SDPM) | ১ | | | | ৯০ | ৯০ | ১৫০ | ১৫০ | ১৫০ |
| Leadership and Strategic Management (LSM) | ১ | | | | ৩০ | ৩০ | ২৪০ | ২৪০ | ২৪০ |
| Policy Analysis | ১ | | ১৫ | ১৫ | ৬০ | ৬০ | ৭০ | ৮০ | ৯০ |
| ৪. সিটিজেন চার্টার অনুসারে মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার জন্য পদ সৃজনের সম্মতি প্রদান পদ সৃজনের সম্মতি প্রদান | ১ | শতকরা হার | | | - | - | ৮০ | ৯০ | ১০০ |
| ৫. চাকরির বিধান ও শর্তাবলি সংক্রান্ত বিধি/নীতি/প্রবিধি এবং আইন প্রণয়ন/সংশোধনীর বিষয়ে প্রাপ্ত স্বয়ংসম্পূর্ণ প্রস্তাবের ওপর নির্ধারিত সময়ের মধ্যে মতামত/সুপারিশ প্রদান | ১ | শতকরা হার | - | - | - | - | ৮০ | ৯০ | ১০০ |
| ৬. নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রাপ্ত দুদকের প্রতিবেদনের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ | ২ | শতকরা হার | - | - | - | - | ৯০ | ১০০ | ১০০ |
| ৭. নির্ধারিত সময়ে সরকারি কর্মচারীদের সম্পদ বিবরণী দাখিলকরণ | ২ | শতকরা হার | - | - | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ৮. সিটিজেন চার্টার অনুসারে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী ও গুরুতর আহত হয়ে স্থায়ীভাবে অক্ষমতাজনিত কারণে কর্মচারীর পরিবারকে আর্থিক সহায়তা প্রদান | ৩ | শতকরা হার | - | - | - | - | ১০০ | ১০০ | ১০০ |
| ৯. নির্ধারিত সময়ের মধ্যে পেনশনের আবেদন নিষ্পত্তিকরণ | | | - | - | - | - | ১০০ | ১০০ | ১০০ |

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

**৬.১.১ সাম্প্রতিক অর্জন:** প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিগত তিন অর্থবছরে জনপ্রশাসনে বিসিএস পরীক্ষার মাধ্যমে বিভিন্ন ক্যাডারে ৮৩৫৭ জন নিয়োগ দেওয়া হয়েছে। বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে ১,৭১১ জন, আইন ও প্রশাসন কোর্সে ৬৬৪ জন, উচ্চতর প্রশাসন ও উন্নয়ন (এসিএডি) ৪৯৯ জন, সিনিয়র স্টাফ কোর্সে (এসএসসি) ৩৭৯ জন, উন্নয়ন ও প্রশাসন কোর্সে ২০০ জন ও কর্মচারীদের ৬০ ঘন্টার প্রশিক্ষণে ১,১৩৪ জনসহ সর্বমোট ৩,৫৬৯ জন কর্মকর্তা ও কর্মচারীকে দেশে এবং একই সময়ে মোট ১৩৫৭ জন কর্মকর্তাকে বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সরকারি কর্মচারীদের কল্যাণ নিশ্চিতকরণের লক্ষ্যে চাকরিরত অবস্থায় মৃত্যুবরণকারী ৮,৭৯৯ জন কর্মচারীর পরিবারকে ও গুরুতর আহত হয়ে স্থায়ীভাবে অক্ষমতাজনিত কারণে ১১৬ জনকে এককালীন অনুদান প্রদান করা হয়েছে। সচিবালয় নির্দেশমালা ২০২৪ ও টেলিফোন নির্দেশিকা ২০২৪; জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগের কার্যাবলি সম্পর্কিত নির্দেশিকা, সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ কর্তৃক প্রস্তুতকৃত Organugram Management System (OMS) Software-এ সাংগঠনিক কাঠামো সংক্রান্ত তথ্য সংরক্ষণ করা হয়েছে। ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরে ৬০,৫৫০ পদ সৃজন, ১,৯২,০৭০ পদ সংরক্ষণ, ২৫,৬২২ পদ স্থায়ীকরণ, ৭৩ পদবি পরিবর্তন, ১৬ পদ উন্নীতকরণ, ১৭৪৭ পদ বিলুপ্তকরণ, ১,১৯৮ যানবাহন টিওএন্ডই-তে অন্তর্ভুক্তকরণ, ৫ সাংগঠনিক কাঠামো অনুমোদন এবং ৭৯১ নিয়োগের ছাড়পত্র প্রদান করা হয়েছে। এছাড়াও ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩; জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩; বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর সংশোধন; বিভাগীয় কমিশনার অফিসের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ সংশোধন; জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর সংশোধনী বিধিমালা; বাংলাদেশ সচিবালয় কেন্দ্রীয় গ্রন্থাগার (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৪; সরকারি কর্মচারী হাসপাতাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৪ সমূহ প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য, কুষ্টিয়া, টাঙ্গাইল ও কুমিল্লা সার্কিট হাউজে ছয়তলা বিশিষ্ট আধুনিক ভবন নির্মাণ করা হয়েছে।

**৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা**

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ে উপযুক্ত কর্মচারী নিয়োগ, বদলি ও পদোন্নতি | নিয়োগ ও বদলিকৃত কর্মকর্তা | ১ | অগ্রগতির হার (%) | ৯৯ | ৯৯ | ১০০ | ৯৯ | ১০০ | ১০৫ | ১১০ |
| | প্রেষণ/ চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মকর্তা | | | ৯৯ | ৯৯ | ৯৯ | ৯৯ | ১০০ | ১০৫ | ১১০ |
| ২. চাকরির বিধান ও শর্তাবলি সংক্রান্ত বিধি/নীতি প্রণয়ন, সংশোধন ও মতামত প্রদান | প্রণীত পদোন্নতি/ পদায়ন ও বদলি বিধিমালা | ১ | অগ্রগতির হার (%) | ৭০ | ৭০ | ৭০ | ৭০ | ৭০ | ৭৫ | ৮০ |
| | সংশোধিত/হালনাগাদকৃত বিধিমালা | | | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০৫ |
| | পদোন্নতি/ পদায়ন ও বদলি বিধিমালা সংক্রান্ত প্রদত্ত মতামত | | | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ৩. সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানসমূহের পদ সৃজন ও সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ | সৃজিত পদসংখ্যা ও পুনর্বিন্যাসকৃত সাংগঠনিক কাঠামো | ১ | সংখ্যা | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০৫ |
| ৪. মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের বাজেট প্রণয়ন | যথাসময়ে বাজেট প্রণয়কারী অফিস | ১ | অগ্রগতির হার (%) | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০৫ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৫. প্রাতিষ্ঠানিক ও ভৌত অবকাঠামো উন্নয়ন | নির্মিত অবকাঠামো | ১ | সংখ্যা | ৪৫ | ৪৫ | ৪৫ | ৪৫ | ৫০ | ৫০ | ৫০ |
| ৬. সরকারি কর্মচারীদের দেশে ও বিদেশে উচ্চতর শিক্ষা ও সংক্ষিপ্ত কোর্স সম্পন্নকরণ | উচ্চশিক্ষা ও গবেষণা সম্পাদনকারী কর্মচারী | ১ | সংখ্যা (জন) | ৭০ | ৭০ | ৭০ | ৭০ | ৭০ | ৮০ | ৮৫ |
| | সংক্ষিপ্ত কোর্স সম্পন্নকারী কর্মচারী | | | ২৫০ | ২৫০ | ২৫০ | ২৫০ | ২৫০ | ২৫০ | ২৬০ |
| ৭. ক্যাডার ও সরকারি কর্মচারীদের বুনিয়াদি ও বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ কোর্স: | | | | | | | | | |
| | বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্নকারী কর্মচারী | ১ | সংখ্যা (জন) | ১২০০ | ৬০২ | ১৩০০ | ৬০৫ | ৬০০ | ৬১৫ | ৬৩০ |
| | আইন ও প্রশাসন কোর্স সম্পন্নকারী কর্মচারী | | | ১৬০ | ১৬০ | ১৬০ | ১৬০ | ১৬০ | ১৬০ | ১৭০ |
| | এসিএডি সম্পন্নকারী কর্মচারী | | | ১৬০ | ২৬২ | ১৬০ | ১২০ | ১২৫ | ১৩০ | ১৩৫ |
| | সিনিয়র স্টাফ কোর্স সম্পন্নকারী কর্মচারী | | | ১২০ | ১৫৮ | ১২০ | ৯০ | ১০৫ | ১১০ | ১১৫ |
| | ৮ সপ্তাহব্যাপী SDPM কোর্স সম্পন্নকারী সচিব, উপসচিব ও সমপর্যায়ের কর্মচারী | | | - | - | ৯০ | ৯০ | ১৫০ | ১৫০ | ১৫০ |
| ৮. গভর্ন্যান্স ও প্রাসঙ্গিক বিষয়ে ওয়ার্কশপ/ সেমিনার/কনফারেন্স আয়োজন | আয়োজিত সেশন | ১ | সংখ্যা | | | ৬ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ৯. প্রশাসনিক, উন্নয়নমূলক ও বিভিন্ন বিষয়ে গবেষণা ও প্রকাশনা; | জার্নাল/ সাময়িকী/ প্রতিবেদন প্রকাশিত | ১ | সংখ্যা | ৭ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ |
| | গবেষণা সম্পাদিত ও প্রকাশিত | ১ | সংখ্যা | ৬ | ৬ | ৭ | ৫ | ৮ | ৮ | ৮ |
| ১০. নির্ধারিত সময়ে সরকারি কর্মচারীদের সম্পদ বিবরণী দাখিল; | দাখিলকৃত বিবরণীর সংখ্যা | ২ | (শতকরা হার) | | | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ১১. শৃঙ্খলা ও আপিল বিধিমালার যথাযথ প্রয়োগ | গৃহীত বিভাগীয় ব্যবস্থা/নিষ্পত্তি | ২ | সংখ্যা | ৭৫ | ৮৫ | ৭৫ | ৭৫ | ৮০ | ৫৫ | ৬০ |
| ১২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ও আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ বাস্তবায়ন | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়িত | ২ | (শতকরা হার) | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ১৩. সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS)-এ সরকারি কর্মচারীদের তথ্য অন্তর্ভুক্তকরণ | তথ্য অন্তর্ভুক্তকৃত সরকারি কর্মচারীর সংখ্যা | ২ | শতকরা হার | - | - | - | - | ৭০ | ৮০ | ১০০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১৪. উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সহায়তা প্রদান, সমন্বয় সাধন ও পরিদর্শন | প্রকল্প পরিদর্শনকৃত | ২ | সংখ্যা | ১৪ | ১৪ | ১৪ | ১৪ | ১৪ | ১৫ | ১৬ |
| | প্রকল্প বাস্তবায়ন | | অগ্রগতি (শতকরা হার) | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ১৫. কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারীর পরিবার ও স্থায়ীভাবে অক্ষমতাজনিত কারণে কর্মচারীকে অনুদান প্রদান | অনুদানপ্রাপ্ত কর্মচারী ও পরিবারের সংখ্যা | ৩ | অগ্রগতি শতকরা হার | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ১৬. পরিবহন সুবিধা | সুবিধাপ্রাপ্ত কর্মচারী | ৩ | সংখ্যা (হাজার) | ৭০০০ | ৬০৪০ | ৭০০০ | ৬১৫০ | ৬২০০ | ৬২৫০ | ৬৫০০ |
| ১৭. কর্মচারীদের ভবিষ্য তহবিল অগ্রিমের আবেদন ও পেনশনের আবেদন দ্রুত নিষ্পত্তিকরণ | নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তিকৃত আবেদন | ৩ | শতকরা হার | - | - | - | - | ৮০ | ৯০ | ১০০ |

## ৬.১.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি ও প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১০৭০১০১ - সচিবালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় | | ১৪৬,৮৪,০৮ | ৪০৫,৭১,০০ | ৩১৯,২৩,২৫ | ৩৯১,৪৩,০০ | ৪৪০,০০,০০ | ৪৫৯,০০,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১৪৬,৮৪,০৮** | **৪০৫,৭১,০০** | **৩১৯,২৩,২৫** | **৩৯১,৪৩,০০** | **৪৪০,০০,০০** | **৪৫৯,০০,০০** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০০০৮০১ - সরকারি কর্মচারীদের জন্য ঋণ | | ২৬,০৮,২৪ | ১২০,০০,০০ | ১২০,০০,০০ | ১২০,০০,০০ | ১২০,০০,০০ | ১২০,০০,০০ |
| ১২০০১৪১০১ - সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি | ১৩ | ৩,০৮,২১ | ১৩,৬২,০০ | ১৩,৬২,০০ | ১১,৩৮,০০ | ১১,৩৮,০০ | ১১,৩৮,০০ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **২৯,১৬,৪৫** | **১৩৩,৬২,০০** | **১৩৩,৬২,০০** | **১৩১,৩৮,০০** | **১৩১,৩৮,০০** | **১৩১,৩৮,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১৭৬,০০,৫৩** | **৫৩৯,৩৩,০০** | **৪৫২,৮৫,২৫** | **৫২২,৮১,০০** | **৫৭১,৩৮,০০** | **৫৯০,৩৮,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১০৭ - জনপ্রশাসন মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | ১-১০ | ০ | ৩৫০,১৫,০০ | ০ | ৬৫,৭০,০০ | ৬৪,৭০,৯০ | ৩৮৬,২৭,০০ |
| ২২৪০০১০০০ - বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ -২য় পর্যায় ( ২য় সংশোধিত) (০১/০১/২০১৮ - ৩১/১২/২০২৫) অনুমোদিত | ৬ | ২৩,২৫ | ১৯,৮৯,০০ | ১০,০১,০০ | ৩০,১৮,০০ | ০ | ০ |
| ২২৪২৮২৩০০ - কুষ্টিয়া সার্কিট হাউজের ভবন নির্মাণ (১ম সংশোধিত) (০১/০১/২০১৯ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ৫ | ১২,৩৭,৪২ | ৯,০০ | ৫,৬০,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩৪৯৩০০ - * বাংলাদেশের ৩৩ টি জেলায় সার্কিট হাউজ ও জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও এ লিফট সংযোজন প্রকল্প (১ম সংশোধিত) (০১/১০/২০২১- ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ৫ | ৮,৩৯,৮৫ | ১০,০০ | ৫,১৩,০০ | ১,০০ | ০ | ০ |
| ২২৪৩৪৯৪০০ - * রংপুর জেলায় নতুন সার্কিট হাউজ নির্মাণ (০১/১০/২০২১ - ৩১/১০/২০২৪) অনুমোদিত | ৫ | ৯,৮২,২৪ | ৫,৪৩,০০ | ৫,৪৩,০০ | ১,০০ | ০ | ০ |
| ২২৪৩৫৬৩০০ - রংপুর বিভাগীয় কমিশনার অফিস কমপ্লেক্স এ বিভাগীয় কমিশনারের বাংলো ও ডিআইজির বাংলো নির্মাণ (১ম সংশোধিত) (০১/০৪/২০২০ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ৫ | ২,৫৪,৯৩ | ১,৬২,০০ | ৮,১১,০০ | ০ | ০ | ০ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২২৪৩৫৬৪০০ - দি প্রজেক্ট ফর ইমপ্রুভমেন্ট অফ গভর্নেন্স অ্যান্ড ম্যানেজমেন্ট রিসার্চ অ্যান্ড ট্রেনিং ফ্যাসিলিটি (০১/০১/২০২২ - ৩১/১২/২০২৫) অনুমোদিত | ৬ | ৩৮,৯৪ | ৬১,০৪,০০ | ৬১,০৪,০০ | ৫৯,১৬,০০ | ০ | ০ |
| ২২৪৩৬৮৬০০ - ময়মনসিংহ বিভাগের বিভাগীয় সদর দপ্তর স্থাপনের লক্ষ্যে প্রস্তাবিত ভূমি অধিগ্রহণ, ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান ও পুনর্বাসন প্রকল্প (০১/০৭/২০২২ - ৩১/১২/২০২৫) অনুমোদিত | ৫ | ৪৫,৭০,৫৮ | ৯৮,০০,০০ | ৩০,০০,০০ | ১০৭,৫০,০০ | ০ | ০ |
| ২২৪৩৭০৪০০ - জামালপুর সার্কিট হাউজ ভবন নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২২ - ৩১/১২/২০২৫) অনুমোদিত | ৫ | ০ | ১৫,০০,০০ | ১৫,০০,০০ | ২৪,৬৩,০০ | ০ | ০ |
| ২২৪৩৭৭৪০০ - নড়াইল জেলায় নতুন সার্কিট হাউজ নির্মাণ প্রকল্প (০১/০১/২০২৩ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ৫ | ০ | ২০,৩৫,০০ | ১২,০০,০০ | ২০,০০,০০ | ২৫,০০,০০ | ০ |
| ২২৪৩৮৯৮০০ - বাগেরহাট কালেক্টরেটের নতুন ভবন নির্মাণ প্রকল্প (০১/১২/২০২৩ - ৩০/১১/২০২৬) অনুমোদিত | ৫ | ০ | ৫০,৪৫,০০ | ১০,০০,০০ | ৩০,০০,০০ | ৬০,০০,০০ | ০ |
| ২২৪৪০১৮০০ - হবিগঞ্জ জেলায় নতুন সার্কিট হাউজ নির্মাণ (০১/১২/২০২৩ - ৩০/১১/২০২৬) অনুমোদিত | ৫ | ০ | ০ | ৫০,০০ | ৫,০০,০০ | ৩৮,৮০,০০ | ০ |
| ২২৪৪০১৯০০ - জেলা প্রশাসক, নোয়াখালী এর জন্য বাসভবন নির্মাণ (০১/০১/২০২৪ - ৩১/১২/২০২৬) অনুমোদিত | ৫ | ০ | ০ | ২,৮৫,০০ | ৫,০০,০০ | ৩,৫৮,১০ | ০ |
| ২২৪৪০৫৩০০ - ঢাকা জেলায় বিদ্যমান সার্কিট হাউজ ভবনের স্থলে নতুন অত্যাধুনিক সার্কিট হাউজ ভবন নির্মাণ (০১/০৭/২০২৪ - ৩০/০৬/২০২৭) অনুমোদিত | ৫ | ০ | ০ | ০ | ২৫,০০,০০ | ১৫০,০০,০০ | ১৫০,০০,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৭৯,৪৭,২১** | **৬২২,১২,০০** | **১৬৫,৬৭,০০** | **৩৭২,১৯,০০** | **৩৪২,০৯,০০** | **৫৩৬,২৭,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৭৯,৪৭,২১** | **৬২২,১২,০০** | **১৬৫,৬৭,০০** | **৩৭২,১৯,০০** | **৩৪২,০৯,০০** | **৫৩৬,২৭,০০** |
| মোট : | | **২৫৫,৪৭,৭৪** | **১১৬১,৪৫,০০** | **৬১৮,৫২,২৫** | **৮৯৫,০০,০০** | **৯১৩,৪৭,০০** | **১১২৬,৬৫,০০** |

## ৬.২ বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

৬.২.১ **সাম্প্রতিক অর্জন:** মানসম্মত প্রশিক্ষণের মাধ্যমে পেশাদার, দক্ষ দেশপ্রেমিক ও যোগ্য জনসেবক গড়ে তোলার লক্ষ্যে গত তিন (০৩) বছরে (০১/০৭/২০২১ হতে ৩১/১২/২০২৪ পর্যন্ত) বিপিএটিসিতে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে ২১৪০ জন, উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে ৩৪৭ জন, সিনিয়র স্টাফ কোর্সে ৭৬২ জন, পলিসি প্ল্যানিং এন্ড ম্যানেজমেন্ট কোর্সে ৬৬ জন, বিশেষ বুনিয়াদি কোর্সে ৭৯৫ জন, প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্সে (টিওটি) ৮৭ জন, এনডিসি ওরিয়েন্টেশন কোর্সে ২৯ জন এবং স্বল্পমেয়াদি কোর্সে ১৩৬৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও, ৬০টি ওয়ার্কশপ/সেমিনার অনুষ্ঠিত হয়েছে যেখানে ৭০৩০ জন অংশগ্রহণ করেছেন। চারটি আরপিএটিসি'র মাধ্যমে দেশের বিভিন্ন জেলার মোট ১৫৯৫২ কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গত তিন অর্থবছরে প্রশাসন ও উন্নয়ন বিষয়ে ১৬টি গবেষণা কার্য সম্পাদিত হয়। বাংলাদেশ ব্যাংক এবং পুলিশ স্টাফ কলেজ, বাংলাদেশ এর সঙ্গে ২০২৩ সালে এমওইউ স্বাক্ষরিত হয়েছে। প্রশিক্ষণের মানোন্নয়নে আধুনিক সুবিধা সংবলিত ০৭ টি প্রশিক্ষণ কক্ষ স্থাপন, ১৫ তলা ডরমিটরি নির্মাণ, মেডিকেল সেন্টার স্থাপন, লেকচার থিয়েটার রিনোভেশন, কেন্দ্রের সীমানা প্রাচীর পুনঃনির্মাণ, প্রস্তাবিত আরপিএটিসি, রংপুর এর জন্য ৪.৮৬ একর ভূমি বন্দোবস্ত এবং প্রস্তাবিত আরপিএটিসি, বরিশাল, সিলেট, ময়মনসিংহ এর জন্য ৫.০০ একর করে ভূমি অধিগ্রহণ করা হয়েছে।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ক্যাডার ও সরকারি কর্মচারীদের বুনিয়াদি, মৌলিক ও দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান; | প্রশিক্ষণ কোর্স পরিচালনা (প্রশিক্ষণার্থী হিসেবে) | | | | | | | | | |
| | এফটিসি সম্পন্নকারী কর্মচারী | ১ | সংখ্যা (জন) | ৬০২ | ৫৯৫ | ৬০০ | ৬০৫ | ৬০০ | ৬১৫ | ৬৩০ |
| | এসিএডি সম্পন্নকারী কর্মচারী | | | ১৪০ | ২৬২ | ১০৫ | ১২০ | ১২৫ | ১৩০ | ১৩৫ |
| | এসএসসি সম্পন্নকারী কর্মচারী | | | ১২০ | ১৫৮ | ১২৫ | ৯০ | ১০৫ | ১১০ | ১১৫ |
| | পিপিএমসি সম্পন্নকারী | | | ৩১ | ১৫ | ৩০ | ৪০ | ৪৫ | ৫০ | ৫০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | কর্মচারী | | | | | | | | | |
| | বিশেষ বুনিয়াদি কোর্স সম্পন্নকারী কর্মচারী | | | ৯০ | ৩২২ | ১০০ | ১২০ | ১৫০ | ১৮০ | ১৮০ |
| | প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স সম্পন্নকারী কর্মচারী | | | ৪০ | ৩২ | ৪০ | ৪০ | ৫০ | ৬০ | ৬০ |
| | স্বল্প মেয়াদি কোর্স সমাপ্তকারী প্রশিক্ষণার্থী | | | - | ১৩৮১ | ১০০ | ১০০ | ১১০ | ১১০ | ১১০ |
| | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারী (আরপিএটিসি) | | সংখ্যা (জন) | ৩৯৬০ | ৬৬৯৫ | ৪০৪৮ | ৫১৬০ | ৫২০০ | ৫২৬০ | ৫৩০০ |
| ২. গভর্ন্যান্স ও প্রাসঙ্গিক বিষয়ে ওয়ার্কশপ/সেমিনার/কনফারেন্স আয়োজন ও অংশগ্রহণ; | আয়োজিত ওয়ার্কসপ/সেমিনার/কনফারেন্স | ১ | সংখ্যা | ১২ | ১৬ | ১৪ | ১৫ | ১৫ | ১৮ | ২০ |
| ৩. প্রশাসনিক, উন্নয়নমূলক ও বিভিন্ন বিষয়ে গবেষণা ও প্রকাশনা; | প্রকাশিত জার্নাল/ সাময়িকী/ প্রতিবেদন | ১, ২ | সংখ্যা | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ |
| | গবেষণা সম্পাদন | ১ | সংখ্যা | ৬ | ৬ | ৭ | ৫ | ৮ | ৮ | ৮ |

### ৬.২.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০০১১০১ - বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | ১-৩ | ১৬১,২৩,৭৫ | ১৩৯,৯২,০০ | ১৩৮,৯২,০০ | ১৪৬,৬৮,০০ | ১৫৪,৪০,০০ | ১৫৯,০০,০০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **১৬১,২৩,৭৫** | **১৩৯,৯২,০০** | **১৩৮,৯২,০০** | **১৪৬,৬৮,০০** | **১৫৪,৪০,০০** | **১৫৯,০০,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১৬১,২৩,৭৫** | **১৩৯,৯২,০০** | **১৩৮,৯২,০০** | **১৪৬,৬৮,০০** | **১৫৪,৪০,০০** | **১৫৯,০০,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৩০১৪৫০০ - * বিপিএটিসি'র প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ (১ম সংশোধিত) (০১/০৭/২০১৭ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | | ৯০,০০,০০ | ৩২৯,০৫,০০ | ১১০,০০,০০ | ১৫০,০০,০০ | ৩০০,০০,০০ | ১৮১,০০,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৯০,০০,০০** | **৩২৯,০৫,০০** | **১১০,০০,০০** | **১৫০,০০,০০** | **৩০০,০০,০০** | **১৮১,০০,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৯০,০০,০০** | **৩২৯,০৫,০০** | **১১০,০০,০০** | **১৫০,০০,০০** | **৩০০,০০,০০** | **১৮১,০০,০০** |
| মোট : | | **২৫১,২৩,৭৫** | **৪৬৮,৯৭,০০** | **২৪৮,৯২,০০** | **২৯৬,৬৮,০০** | **৪৫৪,৪০,০০** | **৩৪০,০০,০০** |

## ৬.৩ বাংলাদেশ প্রশাসন ও ব্যবস্থাপনা ইনস্টিটিউট (বিয়াম)

৬.৩.১ **সাম্প্রতিক অর্জন:** বিগত ৩ বছরে মাঠ প্রশাসনে কর্মরত প্রায় ২০,৫০০ জন কর্মচারীর বিয়ামে আবাসনের ব্যবস্থা করা হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থায় কর্মরত কর্মচারীদের জন্য বুনিয়াদি প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ পরিচালনা করে মোট ৫৩৪২ জন কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিয়াম ফাউন্ডেশন বিভিন্ন প্রত্যাশি সংস্থার অনুরোধে ২৪৭টি মানব সম্পদ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সেমিনার ও প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করেছে। এছাড়াও, "Strengthening Institutional Capacity of BIAM Foundation for Conducting Core Courses" শীর্ষক প্রকল্পের আওতায় ১২৫ জন উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অধিকন্তু, বিয়াম ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত সারাদেশের ৪৪টি বিয়াম স্কুল ও কলেজ পরিচালনায় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা প্রদান করা হয়েছে। উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করা, সরকার ও বিভিন্ন প্রতিষ্ঠানকে পরামর্শ সেবা প্রদান এবং প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা করার লক্ষ্যে 'বিয়াম ফাউন্ডেশন গবেষণা ও পরামর্শ সেবা কেন্দ্র' চালু করা হয়েছে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. [ক্যাডার ও সরকারি কর্মচারীদের বুনিয়াদি, মৌলিক ও দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান; | বিসিএস ক্যাডারভূক্ত প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারী | ১ | সংখ্যা (জন) | ৪২০ | ৩৩০ | ৩৫০ | ৪২০ | ৪০০ | ৪২০ | ৪৩০ |
| | নন- ক্যাডারভূক্ত প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারী | | | ২০০০ | ৭৮৩ | ২০০০ | ৯০০ | ৯২০ | ৯৭৫ | ১,০০০ |
| ২. গভর্ন্যান্স ও প্রাসঙ্গিক বিষয়ে ওয়ার্কশপ/সেমিনার/কনফারেন্স আয়োজন ও অংশগ্রহণ; | আয়োজিত সেমিনার/কর্মশালা/ কনফারেন্স | ১ | সংখ্যা (জন) | ১০০ | ৮৭ | ১২০ | ১১০ | ১১৫ | ১২০ | ১৩০ |
| ৩. প্রশাসনিক, উন্নয়নমূলক ও বিভিন্ন বিষয়ে গবেষণা ও প্রকাশনা; | প্রকাশিত জার্নাল/ সাময়িকী/ প্রতিবেদন | ১ | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| | গবেষণা সম্পাদন | ১ | সংখ্যা | ৬ | ৬ | ৭ | ৫ | ১০ | ১১ | ১৩ |

### ৬.৩.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০০১০০০ - বাংলাদেশ প্রশাসন ও ব্যবস্থাপনা ইনস্টিটিউট | ১ | ৯,১৪,০০ | ১১,০০,০০ | ১২,৭৯,৯০ | ২০,০০,০০ | ১৬,৪৫,০০ | ১৭,৩৪,০০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **৯,১৪,০০** | **১১,০০,০০** | **১২,৭৯,৯০** | **২০,০০,০০** | **১৬,৪৫,০০** | **১৭,৩৪,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৯,১৪,০০** | **১১,০০,০০** | **১২,৭৯,৯০** | **২০,০০,০০** | **১৬,৪৫,০০** | **১৭,৩৪,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪২৯১৬০০ - বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিষ্ট্রেশন এন্ড মেনেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন এর কোর কোর্সসমূহের সক্ষমতা বৃদ্ধিকরণ (৩য় সংশোধিত) (০১/০৭/২০১৯ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ১-২ | ২,৮৪,৮৪ | ২৫,০০,০০ | ৪,০০,০০ | ১৬,৬৮,০০ | ১২,০১,০০ | ০ |
| ২২৪৩৩৬২০০ - * বিয়াম ফাউন্ডেশন এর আওতায় প্রশিক্ষণ কেন্দ্র কাম ডরমিটরী ভবন নির্মাণ (০১/০১/২০২১-৩০/০৬/২০২৫) অনুমোদিত | ১-২ | ৬০,৮৯ | ২০,০০,০০ | ২,৫০,০০ | ২২,৫৭,০০ | ২২,৫৭,০০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৩,৪৫,৭৩** | **৪৫,০০,০০** | **৬,৫০,০০** | **৩৯,২৫,০০** | **৩৪,৫৮,০০** | **০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৩,৪৫,৭৩** | **৪৫,০০,০০** | **৬,৫০,০০** | **৩৯,২৫,০০** | **৩৪,৫৮,০০** | **০** |
| মোট : | | **১২,৫৯,৭৩** | **৫৬,০০,০০** | **১৯,২৯,৯০** | **৫৯,২৫,০০** | **৫১,০৩,০০** | **১৭,৩৪,০০** |

### ৬.৪ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতি

৬.৪.১ **সাম্প্রতিক অর্জন**: বিগত ৩ বছরে ৯,৭২১ জন দুঃস্থ পেনশনার সদস্যকে এককালীন আর্থিক অনুদান সহায়তা বাবদ ৪.১৫ কোটি টাকা, ৪,০৮৯ জন দরিদ্র মেধাবী সন্তানকে শিক্ষাবৃত্তি সহায়তা বাবদ ২.৬৪ কোটি টাকা, ১২,৯৫১ জন সদস্যকে শীতবস্ত্র সহায়তা বাবদ ৬৪.৮৭ লক্ষ টাকা, ৩৩৭ জন সদস্যকে জটিল ও ব্যয়বহুল চিকিৎসা সহায়তা বাবদ ৯২.৮০ লক্ষ টাকা এবং ৮,৪৪৩ জন সদস্যকে সাধারণ চিকিৎসা সহায়তা বাবদ ৫.৫৭ কোটি টাকা, ৩১ জন সদস্যকে মেয়ের বিবাহ সহায়তা বাবদ ২ কোটি টাকা, ৬৫ জন সদস্যকে প্রাকৃতিক দূর্যোগ খাতে আর্থিক অনুদান বাবদ ৪.৪৫ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে। এছাড়াও সমিতির ঢাকায় অবস্থিত কেন্দ্রীয় চিকিৎসা (জরুরি সেবাসহ) কেন্দ্রের মাধ্যমে অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী ও তাঁদের পরিবারের সদস্য

এবং সাধারণ জনগণকে চিকিৎসা ও বিভিন্ন মেডিকেল টেস্টের আওতায় আনা হয়েছে, বিগত তিন অর্থবছরে সেবাভোগীর সংখ্যা ২,২৬,২১২ জন।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
